গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
**www.lawjusticediv.gov.bd**

নং-১০.০০.০০০০.১৩২.১১.০২৩.২০১২-৭০৫

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।
০৯ মে, ২০১৭ খ্রিস্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে ২ (দুই) টি অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটরের শূন্য পদে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরাসরি লোক নিয়োগের নিমিত্ত বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়স, সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই |
|---|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ২ টি | ১৮-৩০ বৎসর। | (ক) যে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত (সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২০, ইংরেজি-২০ শব্দ হতে হবে)। | মানিকগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেণী, লক্ষীপুর, নওগাঁ, লালমনিরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী, সিলেট ও হবিগঞ্জ। |

শর্তাবলী ঃ-

১। উপরে বর্ণিত শূন্য পদে নিয়োগের ক্ষেত্রে সকল প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে এবং আগামী ০৫/০৬/২০১৭ তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে দরখাস্ত পৌঁছাতে হবে।

২। আবেদন ফরম আইন ও বিচার বিভাগের **website www.lawjusticediv.gov.bd** এ পাওয়া যাবে। আবেদন ফরম পূরণ করে ডাকযোগে জমা দিতে হবে।

৩। ০৫/০৬/২০১৭ ইং তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/ শারীরিক প্রতিবন্ধী হলে তার বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পযন্ত শিথিল যোগ্য (এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে)। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীগণকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবশ্যকীয় কাগজাদি;

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের নামযুক্ত সীলমোহর সম্বলিত প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার দ্বারা সত্যায়িত ০২ (দুই) কপি রঙ্গিন ছবি ;

(খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন যে কোন একটির সত্যায়িত কপি।

৬। সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

৭। খামের উপর পদের নাম, নিজ জেলার নাম এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৮। আবেদনকারীর নিজস্ব ঠিকানা (পোস্টাল ঠিকানা) খামের উপর লিপিবদ্ধ করে ৫ টাকার ডাক টিকেট সম্বলিত ৯.৫" x ৪.৫" ইঞ্চি পরিমাপের একটি ফেরৎযোগ্য খাম আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

৯। বর্ণিত পদের জন্য ১০০ (একশত) টাকা মূল্যমানের "উপ-সচিব (প্রশাসন-২)" আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরাবর কোড নং- ১-২১০১-০০০১-২০৩১ এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে উক্ত চালানের মূল কপি সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালান ব্যতিত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/ পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

১০। মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১১। লিখিত/অ্যাপ্টিচিউড্ টেস্ট/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। (ক) অসম্পূর্ণ বাত্রুটিপূর্ণ অথবা নির্ধারিত তারিখ ও অফিস সময় পরে প্রাপ্ত সকল আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। (গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে (গ) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন এবং বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। অত্র বিভাগের ০৩ ডিসেম্বর, ২০১৪ খ্রিঃ এবং ০৭ আগষ্ট ২০১৬ খ্রিঃ তারিখে দৈনিক জনকণ্ঠ ও দৈনিক সংবাদ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বর্ণিত পদসমূহে ইতোপূর্বে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুণরায় আবেদন করার প্রয়োজন নাই।

১৪। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Sohel Ahmed
০৯।০৫।১৭

মোঃ সোহেল আহমেদ
উপ-সচিব (প্রশাসন-২)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কক্ষ নং-৭১০ এর (ক), ৮ম তলা, ভবন নং-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।